

TESOL BANGLADESH এবং a2i এর যৌথ উদ্যোগে বরিশাল ,খুলনা , ঢাকা বিভাগের শিক্ষক ও অ্যাশ্বাসেডরদের আজকের প্রশিক্ষণ-

## TESOL BANGLADESH AND a2i

সকলের প্রতি রইল সালাম ও শুভেচ্ছা। আসাকরি আপনি ও আপনার পরিবারের সবাই ভাল আছেন। এই মহামারি করোনার মধ্যে আপনি আপনার মেধা সকলকে বিলিয়ে দিচ্ছেন আল্লাহ আপনাকে আর আনেক অনেক দূর পৌছে দিবে, মানুষের মঞ্জলের জন্য। আপনার এই যাত্রায় আমি আপনার সান্নিধ্যে আসতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি। আমার কাছে এটি বড় পাওনা এই প্রশিক্ষণ আর এখান থেকে এটা আমি বুঝতে পেরেছি জ্ঞান এর সমাপ্তি বা শেষ বলতে কিছুই নাই আর যে মনে করবে আমি জ্ঞান ভান্ডারে পরিপূর্ণ সে জ্ঞানহীন এক জ্বর পদার্থ। তার উপর দেশ ও জাতি কিছুই আশা করতে পারে না। আমি বলি জ্ঞান আহরণের কোন বয়স, স্থান, কাল, পাত্র ভেদ নাই ঠিক কিন্তু সঠিক জ্ঞান আহরণের জন্য উত্তম গুরু বা শুদ্ধ গুরুর দরকার যেমন আপনি। প্রথম দিনেই শিখলাম কিভাবে শিখতে হয়, কিভাবে শিক্ষার্থীদের মনোসংযোগ বৃদ্ধি করাতে হয়। কিভাবে ক্লাসকে আকর্ষনীয় করাতে হয়। আমি আপনার উদাহরণের সাথে বলে চাই, আমি খুবই নগন্য একজন, তার পরও প্রতিনিয়ত শিখে যাচ্ছি কিছু করার জন্য

পারবো কিনা যানি না।

স্যার আমি ভালো লিখতে পারি না তবুও আপনার প্রেরনায় কিছুটা লিখলাম।

আমাদের প্রশিক্ষণ শুরু হয় দুপুর ২টা ৩০ মিনিটে। আমি ৫ মিনিট আগে মিটিং আইডি ও পাস ওয়ার্ড দিয়ে বসে থাকলাম জানিনা কিভাবে এত বড় একটা লাইভ যুম মিটিং করবো। এরই মধ্যে ২ টা ৪০ মিনিটে যুম সংযোগ প্রথম দিকটা খুব ভয় পেলাম যানিনা স্যার আমাদের কোন ধরনের প্রশ্ন করবেন

যদি ভুলভাল উত্তর দেই তাহলে আর আনেক চিন্তা। এরই মধ্যে প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধনে যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই এর যুগ্ম প্রকল্প পরিচালক সম্মানিত ড. দেওয়ান মোহাম্মদ হুমায়ুন কবির স্যার বক্তব্য রাখেন স্যার, জনাব, দেওয়ান মোহাম্মদ হুমায়ুন কবির স্যার।

স্বনামধন্য প্রশিক্ষক হিসেবে ছিলেন জনাব, মোহাম্মদ ইয়াসির স্যার (TESOL BANGLADESH). আরও ছিলেন আমাদের কান্ডারী, a2i কর্মকর্তাগণ।

সাবার কাছ থেকে কিছু না কিছু শিখলাম এবং জানলাম। ভালোই লাগতে শুরু করলো। আমাদের এই টডনিং উপস্থিত শিক্ষক ছিলেন ৫৫৩ জন। কিছু টেস্টের মধ্য দিয়ে শুরু হলো আমাদের ট্রেনিং ইংরেজি ২৬টি অ্যালফাবেটের উচ্চারণ (A B C) যেটা আমার আগে কখনো শেখা হয় নাই।

স্যার ক্লাসটি দূর করার জন্য কিছু বিনোদন মূলক গান এবং কিছু প্রগ্রাম শুনিয়েছেন যেটা আমাদের ক্লাসটি দূর করতে সহায়তা করেছে। সবচেয়ে আকর্ষনীয় ছিল আমার কাছে স্যার এর মাঝে মাঝে আঞ্চলিক ভাষায় কথা বলা যেটা আমার কাছে দারুন লেগেছে।

সর্বোপরি আমার কাছে নিয়ে এসেছে এক নতুন মাত্রা।

ধন্যবাদ

রতন বিশ্বাস

বাঁড়িখালী এস জি এস মাধ্যমিক বিদ্যালয়

ইন্দুরকানী, পিরোজপুর।